



# Ramadan Planner 13

১৩ রমাদান, ০৫ এপ্রিল ২০২৩

## দৈনিক আয়াত

### আয়াত ০১:

وَهَذَا كِتَابٌ أَنْزَلْنَاهُ مُبَارَكٌ فَاتَّبِعُوهُ وَاتَّقُوا لَعَلَّكُمْ تُرْحَمُونَ

এটি এমন একটি গ্রন্থ, যা আমি অবতীর্ণ করেছি, খুব মঙ্গলময়, অতএব, এর অনুসরণ কর এবং ভয় কর-যাতে তোমরা করুণাপ্রাপ্ত হও। [আল আনআম ৬:১৫৫]

### আয়াত ০২:

إِنَّمَا الْمُؤْمِنُونَ الَّذِينَ إِذَا ذُكِرَ اللَّهُ وَجِلَّتْ قُلُوبُهُمْ وَإِذَا تُلِيَتْ عَلَيْهِمْ آيَاتُهُ زَادَتْهُمْ إِيمَانًا وَعَلَىٰ رَبِّهِمْ يَتَوَكَّلُونَ

যারা ঈমানদার, তারা এমন যে, যখন আল্লাহর নাম নেয়া হয় তখন ভীত হয়ে পড়ে তাদের অন্তর। আর যখন তাদের সামনে পাঠ করা হয় কালাম, তখন তাদের ঈমান বেড়ে যায় এবং তারা স্বীয় পরওয়ার দেগারের প্রতি ভরসা পোষণ করে। [আল আনফাল ৮:২]

## দৈনিক হাদিস

### হাদিস ০১:

তিন ব্যক্তির দুআ ফিরিয়ে দেওয়া হয় না। রোযাদারের দুআ ইফতার পর্যন্ত। ন্যায়পরায়ণ শাসকের দুআ। মজলুমের দুআ। আল্লাহ এ দুআকে মেঘমালার উপরে নিয়ে যান। এর জন্য আসমানের দরজাসমূহ খুলে দেন। রব বলেন, আমার ইযযতের কসম, বিলম্বে হলেও আমি তোমাকে সাহায্য করব। [জামে তিরমিযী ৩৫৯৮]

### হাদিস ০২:

রাসুল (সাঃ) বলেছেন, আমি কি তোমাদেরকে জান্নাতী লোকদের পরিচয় বলবো না? তারা হবে দুর্বল এবং নিরীহ; কিন্তু তারা যদি কোনো ব্যপারে আল্লাহর নামে কসম করে বসে, তাহলে আল্লাহ তা পূরণ করে দেন। আমি কি তোমাদের জাহান্নামি লোকদের ব্যপারে বলবো না? তারা রুঢ় স্বভাবের, কঠিন হৃদয়ের এবং অহংকারী হবে। [সহীহ বুখারী হাদিস: ৪৯১৮]

## দৈনিক দোয়া

ربنا أفرغ علينا صبرا وثبت أقدامنا وانصرنا على القوم الكافرين

হে আমাদের রব! আমাদেরকে ধৈর্যশীলতা দান করুন, এবং আমাদের পদগুলো দৃঢ় করুন এবং আমাদেরকে কাফের সম্প্রদায়ের উপর বিজয়ী দান করুন।

## দিনের কাজ

যার সম্পর্কে আপনার মনোমালিন্য আছে তার সঙ্গে সম্পর্কে স্থাপন করুন।

## আল্লাহর নাম (মুখস্ব)

المبين স্পষ্ট

القريب সর্বাধিক নিকটবর্তী

الواحد এক ও অদ্বিতীয়

## আকাবিরদের রমাদান সংক্রান্ত বাণী

হাসান রাহিঃ বলেন, প্রকৃত ঈমান হল সেই ব্যক্তির ঈমান যে আল্লাহকে না দেখে ভয় করে, সে তাই প্রত্যাশা করে আল্লাহ যা প্রত্যাশা করেন এবং এমন সব জিনিস পরিত্যাগ করে যা তার রবকে অসন্তুষ্ট করে।

## স্মৃতিময় রমাদান

৫৫৯ হিজরির রমাদান মাসে নুরুদ্দীন মাহমুদ যিংকির নেতৃত্বে ঐতিহাসিক হারিম দুর্গ বিজয় হয়। চার ইউরোপিয়ান সম্রাটের সম্মিলিত বাহিনীকে জানবাজ মুসলিম সৈন্যরা কচুকাটা করে। দশ হাজারের বেশি ক্রুসেডার মারা যায়। অগণিত বন্দি হয়। বন্দিদের মাঝে চার সম্রাটও ছিল।

## সালাত ও কুরআন ট্র্যাকার

- কুরআন তেলাওয়াত (কত আয়াত বা কত পারা)
- ফজর = সুন্নত-ফরজ-নফল
- যোহর = সুন্নত-ফরজ-নফল
- আসর = সুন্নত-ফরজ-নফল
- মাগরিব = সুন্নত-ফরজ-নফল
- এশা = সুন্নত-ফরজ-নফল
- বিতর = সুন্নত
- তারাবীহ = সুন্নত
- তাহাজ্জুদ = সুন্নত
- দুহা = সুন্নত
- দুখুলুল মাসজিদ = সুন্নত
- তাহিয়্যাতুল = সুন্নত
- অন্যান্য নফল

## দৈনিক মুহাসাবা

- সকালের যিকির। = হ্যা/না
- দান-সাদাকাহ = হ্যা/না
- দৈনিক তালিম = হ্যা/না
- জামাআতে সালাত আদায় = হ্যা/না
- আল্লাহর নাম মুখস্ব = হ্যা/না
- দিনের আয়াত = হ্যা/না
- দিনের হাদিস = হ্যা/না
- কুরআন তিলাওয়াত ও তাদাব্বুর = হ্যা/না

- দৈনিক দাওয়াত ও তাবলীগ। = হ্যা/না
- কমপক্ষে ৭০ বা ১০০ বার ইস্তেগফার = হ্যা/না
- মা বাবার খেদমত = হ্যা/না
- দিনের দোয়া মুখস্ত = হ্যা/না
- নতুন কিছু জানা = হ্যা/না
- পরামর্শক প্রদান কাজ = হ্যা/না
- নতুন কিছু শেখা = হ্যা/না
- সন্কার জিকির = হ্যা/না
- ঘুমের পূর্বে যিকির ও আমল = হ্যা/না

রামাদান মাস সকল মুসলমানদের জন্য এক বিরাট নিয়ামত